

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইক্ষাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।
www.pallisanchaybank.gov.bd

পল্লী সঞ্চয় ব্যাংকের উত্তম চর্চার প্রতিফলন

মাননীয় প্রধানমন্ত্রীর লালিত স্বপ্ন বাস্তবায়নে দেশের সুবিধাবঞ্চিত ক্ষুধা ও দারিদ্র্যক্লিষ্ট জনগোষ্ঠীর ভাগ্যোন্নয়নে প্রতি বাড়িতে একটি করে খামার সৃজনে পরামর্শ, প্রশিক্ষণ, অর্থ সহায়তা ও তদারকি দিয়ে প্রায় দশ বছর ধরে সমন্বিত কর্মতৎপরতায় এক ইতিবাচক কর্মপন্থা উন্মোচন করেছে “আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক” আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র সঞ্চয়ে সৃষ্ট পুঁজি বিনিয়োগ কর্মসূচি ইতোমধ্যেই একটি সফল মডেল (মাইক্রো সেভিংস মডেল) হিসেবে বিভিন্নমহলে গ্রহণযোগ্যতা পেয়েছে। দেশব্যাপি দারিদ্র্য বিমোচনের এ চলমান কার্যক্রমের অগ্রযাত্রা অব্যাহত এবং স্থায়িত্ব প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার সানুগ্রহে প্রতিষ্ঠিত হয়েছে পল্লী সঞ্চয় ব্যাংক, যার মালিকানা সত্ত্ব ৪৯% উপকারভোগী দরিদ্র জনগণের হাতে এবং ৫১% রাষ্ট্রের কাছে।

বিশেষায়িত এ পল্লী সঞ্চয় ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকেই অনলাইন ব্যবস্থাপনার মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে, যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন পূরণে এক সফল বাস্তবায়ন। আধুনিক তথ্যপ্রযুক্তির হাত ধরে চলমান সামগ্রিক কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালিত হওয়া পল্লী সঞ্চয় ব্যাংকের “উত্তম চর্চা” এর প্রতিফলন।

উত্তম চর্চা -

ব্যাংকের প্রশাসনিক কার্যক্রম :

- সকল প্রকার যোগাযোগ অনলাইন ব্যবস্থাপনার মাধ্যমে সম্পন্ন হয় ;
- সহকর্মীদের ডিজিটাল পদ্ধতিতে কর্মস্থলে উপস্থিতি এবং ত্যাগ নিশ্চিতকরণের সফল উদ্যোগ বাস্তবায়ন ;
- চিঠিপত্র, নির্দেশনা ও পরামর্শ তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্টদের হাতে পৌঁছানোর এক উত্তম পন্থা অনলাইন ব্যবস্থা।

ব্যাংকিং হিসাব-নিকাশ সংক্রান্ত :

- প্রধান কার্যালয়সহ শাখা পর্যায়ে ব্যাংকের যাবতীয় হিসাব-নিকাশ অনলাইনের মাধ্যমে সম্পন্ন হচ্ছে।
- ফান্ড স্থানান্তর, ডিপোজিট, উইথড্রাল বেতনভাতা প্রদানসহ নানান ফান্ড সংশ্লিষ্ট কার্যক্রম “ক্যাশ ম্যানেজমেন্ট মডিউল” এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।
- দ্রুত এবং নির্ভুল হিসাব পরিচালনায় তথ্য-প্রযুক্তির এ চর্চা ইতিবাচক ভূমিকা রাখছে।

ভিডিও কনফারেন্স/ ভার্চুয়াল মিটিং :

- ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফিল্ড পর্যায়ের স্টাফদের সাথে ভার্চুয়াল মিটিং ;
- কাজের ফলোআপ এবং মনিটরিং কার্যক্রমেও ভার্চুয়াল মিটিং এর মাধ্যমে কোভিড-১৯ এর মহামারিকালে কাজের ধারা অব্যাহত রাখা ;
- অন্যান্য অফিসের সাথেও প্রয়োজনীয় যোগাযোগ সু-সম্পন্ন করা ;

অন্যান্য :

- সদস্য অন্তর্ভুক্তি, হিসাব খোলা এবং সংরক্ষণ, ঋণ অনুমোদন, বিতরণ- আদায়সহ সকল কার্যক্রম এখন অনলাইন এর আওতাভুক্ত।
- শাখা/অধিশাখা পরিদর্শনের মাধ্যমে সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- প্রধান কার্যালয়, জেলা কার্যালয় ও শাখা সমূহের প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার মাধ্যমে প্রতিষ্ঠানে কর্মপরিবেশ সৃষ্টি করন।

উত্তম চর্চার নতুন সংযোজন


➤ পল্লী লেনদেন সেবা -

- উপকারভোগী সদস্যদের অর্থ ও শ্রম সাশ্রয়ে বাড়িতে বসেই ব্যাংকের যাবতীয় সেবা গ্রহণ ;
- ঋণ গ্রহণ ও পরিশোধে সদস্যকে অফিসে আসার প্রয়োজন হবে না, নিজ বাড়িতে বসে সার্বিক লেনদেন সম্পন্ন করতে পারবেন ;
- একে অপরের মধ্যে অর্থ আদান-প্রদান করতে পারবেন ;
- বিদ্যুৎ বিলসহ প্রযোজ্য সকল বিল বাড়িতে বসেই এই সেবার মাধ্যমে পরিশোধ করতে পারবেন ;
- সদস্যদের মধ্য থেকেই এই লেনদেন পরিচালনার দায়িত্ব পালন করায় দরিদ্র পারিবারের আয়ের ক্ষেত্র এবং কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

➤ ক্যাশ ম্যানেজমেন্ট মডিউল -

- ফান্ড ট্রান্সফার।
- লোন ডিসবার্স।
- সঞ্চয় ডিপজিট।
- ডিপজিটের বিপরিতে কল্যাণ অনুদান।
- সমিতির রিভলভিং ফান্ড সহ প্রকল্পের সকল অর্থনৈতিক কার্যক্রম ক্যাশ ম্যানেজমেন্ট মডিউল এর মাধ্যমে পরিচালিত হয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ক্ষুদ্র সঞ্চয়ী উদ্যোগে পুঁজি সৃষ্টি এবং তথ্য- প্রযুক্তির সহায়তায় আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে দরিদ্র মানুষকে স্বাবলম্বি হবার উপায় সৃষ্টি করে দিয়েছে পল্লী সঞ্চয় ব্যাংক। নিজে পুঁজি গড়ে বহুমুখি বিনিয়োগে টেকসই স্বাবলম্বিতার পথ সৃষ্টি হওয়া পল্লী সঞ্চয় ব্যাংকের উত্তম চর্চা প্রতিপালনের সফল বাস্তবায়ন।


38/21/2020
মোঃ আব্দুল খালেক মিয়া
মহাব্যবস্থাপক